

বাংলা দ্বিতীয় পত্র
বিষয় কোড : 102
সময় ৩ ঘণ্টা
পূর্ণমান-১০০

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষা রীতির মিশ্রণ দৃষণীয়।
১। (ক) উদাহরণসহ বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো।

অথবা,

(খ) যে-কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো: অভিমান, একাডেমি, অদ্বিতীয়, দক্ষ, ব্যবধান, পদ্ম, মর্যাদা, কবিতা।
২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানে ই-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো।

অথবা,

(খ) যে-কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:

দায়িত্ব, মনিষা, সন্যাসী, ষ্টেডিয়াম, কর্মজীবী, শ্রেণী, লবন, গ্রন্থাবলী।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ করো।

অথবা,

(খ) নিম্নোক্ত যে-কোনো পাঁচটি বাক্যের নিম্নরেখ শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো:

(i) বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি।

(ii) অনেকক্ষণ ধরে মাঠে হাঁটছি।

(iii) আহা! বেচারার কত কষ্ট।

(iv) রোগা মানুষ সমস্ত রাত খেতে পাবে না।

(v) মামার মন নরম হইল।

(vi) মানুষ-ধর্ম সবচেয়ে বড় ধর্ম।

(vii) বেশ, তাই হবে।

(viii) নাচতে না জানলে উঠোন বাঁকা।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।' --- ব্যাখ্যা করো।

অথবা,

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে-কোনো পাঁচটি):

রাজভয়, বিষাদসিন্ধু, চতুষ্পদ, পথে-ঘাটে, আমরণ, যুগান্তর, প্রাণচঞ্চল, জনাকীর্ণ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকার প্রয়োজন? উদাহরণসহ আলোচনা করো।

অথবা,

(খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যে কোনো পাঁচটির বাক্যান্তর করো:

(i) মানুষ অমর নয়। (অস্তিত্ববাচক)

(ii) জাহাজ ছেড়ে দিল, আমরা বিছানা করে শুয়ে পড়লাম। (জটিল)

(iii) ফল পাবে কিন্তু তার জন্য পরিশ্রম করতে হবে। (সরল)

(iv) এটি ভারি লজ্জার কথা। (বিশ্বয়সূচক)

(v) এ কথা স্বীকার করতেই হয়। (নেতিবাচক)

(vi) দশ মিনিট পর ঘাটে নৌকা ভিড়ল। (যৌগিক)

(vii) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)

(viii) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবাচক)

৬। (ক) যে-কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো:

(i) আমি সাক্ষী দিব না।

(ii) বিদ্বানকে সকলে শ্রদ্ধা করে।

(iii) বাড়িটা তারা দখল করেছে।

(iv) আমার কথাই শেষ পর্যন্ত প্রমাণ হলো।

(v) সে সভায় উপস্থিত ছিলেন।

(vi) বিনুদাদার ভাষাটা ভয়ঙ্কর আঁট।

(vii) মাদকশক্তি ভালো নয়।

(viii) সব বিষয়ে বাহুল্যতা বর্জন করবে।

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো:

শুধুমাত্র বেঁচে থাকাই মানুষের জীবনের লক্ষ্য নয়। মানুষের উচিত অপরের কল্যাণে নিজেকে আত্মোৎসর্গ করা। সার্থপরতার মধ্যে কোনো সুখ নেই। আমৃত্যু পর্যন্ত একে অপরের মঙ্গলসাধনের লক্ষ্যে ব্রতী হওয়া প্রয়োজন।

৭। (ক) যে-কোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো:

Academy, Booklet, Capital, Farce, Delta, Urban, Vacation, Dynamic, Vision, Mythology, Ordinance, Payee, Wit, Legend, Isolation.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:

Family is the first school where the child learns his lessons. The first lessons are very essential for developing his mind. He sees, hears and begins to learn in his family. Family builds his character. In a good family honest and healthy men are made.

৮। (ক) একটি নৌকা ভ্রমণের বর্ণনা দিয়ে দিনলিপি রচনা করো।

অথবা,

(খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা করো।

৯। (ক) মোবাইল ফোন ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ দিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখো।

অথবা,

(খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি ও প্রয়োজনীয় আর্থিক সহায়তা চেয়ে অধ্যক্ষের কাছে একটি আবেদনপত্র লেখো।

১০। (ক) সারমর্ম লেখো:

বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি।
দেশে দেশে কত-না নগর রাজধানী---
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু
রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতি ক্ষুদ্র তারি এক কোণ।
সেই ক্ষোভে পড়ি গ্রন্থ ভ্রমণবৃত্তান্ত আছে যাহে
অক্ষয় উৎসাহে
যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী
কুড়াইয়া আনি।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ করো: মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

১১। (ক) মাদকাসক্তির কুফল ও এর প্রতিকার বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

অথবা,

(খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প লেখো।

১২। নিচের যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো:

- (ক) স্বদেশ প্রেম
- (খ) ডিজিটাল বাংলাদেশ
- (গ) জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য
- (ঘ) পরিবেশ দূষণ: কারণ ও প্রতিকার
- (ঙ) জ্যোৎস্না শোভিত রাত।